

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-

তারিখ : ১৬ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ২২ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ দুপুর ০২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোঃ রুকনুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মস্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

প্রাপক

জনাব.....
.....
নাগেশ্বরী, কুড়িগ্রাম।



(মোঃ শাহরিয়ার হোসেন)

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি

ও

উপজেলা কৃষি অফিসার

নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উকঅ/নাগ/কুড়ি/২০২১/

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নিবাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

তারিখ :

স্বাক্ষরিত

(মোঃ শাহরিয়ার হোসেন)

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি

ও

উপজেলা কৃষি অফিসার

নাগেশ্বরী, কুড়িগ্রাম।

কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি সভার কার্যবিবরণী
উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

সভার তারিখঃ ২২/০৮/২০২১ খ্রিঃ।

স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়ের অফিস রুম, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা (পরিশিষ্ট-ক) :

অদ্য ২২/০৮/২০২১ দুপুর ২ ঘটিকায় কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সভা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভার আলোচ্য সূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা পূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১.	কমিটির সভা প্রসংগে	স্থানীয় সরকার বিভাগের বিধি অনুযায়ী প্রতি ২ মাস পরপর মাসিক সভা আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য সচিব, কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি
২.	কৃষি যন্ত্রপাতি	সভায় জানানো হয় কৃষকের আর্থিক লাভের জন্য কৃষি যান্ত্রিকিকরনের কোন বিকল্প নেই; কিন্তু কৃষকের নিকট পর্যাপ্ত যন্ত্রপাতি না থাকায় কৃষক এর সুফল থেকে বঞ্চিত হচ্ছে। ফলে আধুনিক কৃষি ব্যহত হচ্ছে ফলে স্থানীয় জনগন অর্থনৈতিক ভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। সভায় সকলে একমত পোষন করেন এবং কৃষকদের মাঝে স্বল্পমূল্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহে প্রকল্প প্রদানের জন্য নাগেশ্বরী উপজেলা পরিষদের নিকট একটি প্রকল্প প্রস্তাবনা আকারে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার
৩.	বোরো মৌসুমের জন্য বীজ ও সার যোগান	কমিটির সদস্যরা জানতে চান আসন্ন বোরো মৌসুমে প্রয়োজনীয় সার ও উন্নত বীজের যোগান যেন নিশ্চিত করা হয়। উপজেলা কৃষি অফিসার মহোদয় বলেন বিষয়টি মাথায় রেখে বিএডিসি গোড়াউনে পর্যাপ্ত সার ও বীজ মজুদ আছে। তবে কেউ যেন সংকট সৃষ্টি করতে না পারে সে দিকে ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ)
৪.	জলসেচ নির্মান	সেচ কার্য নিবীঘ্নে চালানোর জন্য পাকা ড্রেন নির্মানের উপর গুরুত্বারোপ করে উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের সভা বিষয়টি আলোচনার সিদ্ধান্ত হয়।	সভাপতি, অত্র কমিটি
৫.	চরাঞ্চলের কৃষকের ভূট্টা ও মিষ্টি কুমড়া উৎপাদনে প্রশিক্ষণ	সভায় জানানো হয় গতানুগতিক কৃষির বাইরে চর অঞ্চলের কৃষকের ভূট্টা ও মিষ্টি কুমড়া উৎপাদনে প্রশিক্ষণ প্রদান করলে কৃষকদের দক্ষতাবৃদ্ধি পাবে এবং কৃষক আর্থিক ভাবে লাভবান হবে। উপস্থিত সকলে একমত পোষন করে উপজেলা পরিষদের সভায় বিষয়টি উপস্থাপনের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান।	উপজেলা কৃষি অফিসার

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সু-স্বাস্থ্য কামনা করে সভা সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ কামরুজ্জামান শিশু)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি
উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং ৩০৫৫


তারিখঃ ২২/০৮/২০

উপস্থিত সদস্য বৃন্দঃ

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবী	স্বাক্ষর
১.	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম	সভাপতি	স্বাক্ষরিত
২.	চেয়ারম্যান, ভিতরবন্দ ইউ.পি, নাগেশ্বরী, কুড়িগ্রাম	সদস্য	স্বাক্ষরিত
৩.	চেয়ারম্যান, নেওরাশী ইউ.পি, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
৪.	চেয়ারম্যান, রামখানা ইউ.পি, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য	স্বাক্ষরিত
৫.	মোঃ শাহরিয়ার হোসেন, উপজেলা কৃষি অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য সচিব	স্বাক্ষরিত

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২) উপজেলা নির্বাহী কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩) অফিস কপি।


২২-০৮-২০২০

(মোঃ শাহরিয়ার হোসেন)
উপজেলা কৃষি অফিসার
ও

সদস্য সচিব
কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি
নাগেশ্বরী, কুড়িগ্রাম।